ঝিনাইদহে বিশ্ব পর্যটন দিবস পালিত

‘টেকসই উন্নয়নে পর্যটন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব পর্যটন দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে শনিবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। এতে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ, ঝিনাইদহ রিপোটার্স ইউনিটিরি সভাপতি এম এ কবিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ঝিনাইদহ শুধু কৃষি ও শিল্পের জন্য নয়, সংস্কৃতি ও পর্যটনের জন্যও সমৃদ্ধ জেলা। এখানে রয়েছে বারো আউলিয়ার মাজার, কেপি বসুর বাড়ি, গাজী কালুচম্পাবতির মাজার, কোটচাঁদপুরের রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত স্থান, কালী নদী, লালন শাহের আধ্যাত্মিক উত্তরাধিকার এবং নানা লোকজ সংস্কৃতি। এসবকে সংরক্ষণ ও আধুনিকভাবে উপস্থাপন করতে পারলে ঝিনাইদহ দেশি-বিদেশি পর্যটকদের আকর্ষণের কেন্দ্র হতে পারে।

তারা আরও বলেন, টেকসই পর্যটন শুধু অর্থনীতিকে শক্তিশালী করবে না, বরং স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি ও সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষাতেও সহায়ক হবে। এজন্য সরকারি উদ্যোগের পাশাপাশি স্থানীয় জনগণ ও তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে।

হরিনাকুণ্ডুতে আন্তর্জাতিক

শান্তি দিবস পালিত

হরিণাকুণ্ডুতে আন্তর্জাতিক শান্তি দিবস পালন করা হয়েছে।

রবিবার (২১ সেপ্টেম্বর) সকালে বাংলাদেশ স্কাউটস হরিণাকুণ্ডু উপজেলা শাখার পক্ষ থেকে বর্ণাঢ্য আয়োজনে এ দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষে উপজেলা কাব স্কাউট ও স্কাউট সোনামণিদের নিয়ে একটি বিশাল সাইকেল র্যালির আয়োজন করা হয়।

এছাড়া উপজেলা স্কাউটস এর সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ র্যালি ও আলোচনা সভায় অংশ গ্রহণ করেন।

মেহেরপুরে কাম ফর হিউম্যানিটির ৭ম বর্ষপূর্তি পালিত

মেহেরপুরে তারুণ্যের উচ্ছ্বাসে মানবতার উৎসব ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

তারুণ্যের ভাবনায় মেহেরপুর, আজ শুক্রবার দিনব্যাপী স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি (সিএফ এম) এর আয়োজনে জেলা শিল্পকলা একাডেমিতে সংগঠনের প্রতিষ্ঠাতা ও প্রধান সমন্বয়ক মামুন অর রশিদ বিজনের সভাপতিত্বে এবং অনিক হাসান ও তানজিমা তাসমীম হক মোহনার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সাবেক সভাপতি কিংবদন্তি অভিনেতা আহমেদ শরীফ, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক হাসানুজ্জামান ডাবলু, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, সদর উপজেলা সমাজসেবা অফিসার (রেজিঃ) কাজি আবুল মনসুর, সংগঠনের উপদেষ্টা শফিউর রহমান টমা। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সংগঠনের সাবেক উপদেষ্টা সৌরভ হোসেন,প্রত্যয় যুব সংঘের সভাপতি

এস এম সুজন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র উপদেষ্টা কায়েস মাহমুদ। অনুষ্ঠানে প্রধান অতিথিকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানে সেরা সংগঠন সম্মাননা প্রদান করা হয় জন্মভুমি মেহেরপুর,ইউনাইটেড মেডিকেল সাপোর্ট ফাউন্ডেশন ও বামুন্দী মানব উন্নয়ন ফাউন্ডেশন। রক্তযোদ্ধা সম্মাননা প্রদান করা হয় অনৃতরস পারভীন,মিয়াজান আলর ও কল্লোল পাত্রকে। বৃক্ষবন্ধু সৃম্মাননা প্রদান করা হয় কবি নজরুল শিক্ষা মন্জিল, হান্নানগন্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় ও প্রজন্ম সংগঠন কে।

এছাড় সেচ্ছাসেবী সম্মাননা প্রদান করা হয় রাইহান রাফি, বৃষ্টি মুন্সি, সাব্বির আহমেদ, নসহিদ, হাসানুজ্জামান সাইদ হোসেন বিশ্বাস ও কায়েস মাহমুদ।

প্রধান অতিথির বক্তব্যে আহমেদ শরীফ বলেন, মেহেরপুর আমার স্মৃতি বিজড়িত জেলা। আমি মেহেরপুরে অনেক সময় কাটিয়েছি। তিনি মেহেরপুরের সাবিত্রী ও রসকদম্ব মিস্টির কথা উল্লেখ করেন। তিনি স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটির বিভিন্ন কাজের প্রশংসা করেন। তিনি স্বেচ্ছাসেবকদের উদ্দেশ্যে বলেন, তোমরা ভাল কাজ করে যাও অবশ্যই এর প্রতিদান একদিন পাবে। প্রতিদিন একটি করে ভাল কাজ করার আহবান জানান তিনি। বর্তমানে আহমেদ শরীফ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে বসবাস করেন।

পৈতৃক ভিটা কুষ্টিয়াতে তিনি কয়েকদিন আগে এসেছেন। সুস্থ সমাজ বিনির্মানে সকলকে কাজ করার আহবান জানান।সমাজের বিত্তবান ও সচেতন নাগরিকদের স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে সহযোগিতার আহবান জানান তিনি।

মেহেরপুরের আমঝুপিতে

আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালিত

আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে আজ সোমবার সকাল দশটার দিকে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান (সিএএমপিই) যৌথভাবে এ সভার আয়োজন করে। সমাজ সেবক মোঃ শহিদুল্লাহ এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর এর সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা।

সভায় সাক্ষরতা দিবসের উদ্দেশ্য ও স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

আরো বক্তব্য রাখেন সাবেক পৌর কাউন্সিলর আব্দুর রহিম,আব্দুর রকিব ও আকতার হোসেন। সভায় ধারনা পত্র উপস্থাপনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মেদ। আলোচনার আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

সভায় মেহেরপুর জেলায় সাক্ষরতার হার, বর্তমান মেহেরপুরের ঝরেপড়া রোধ ও সার্বিক বিভিন্ন বোর্ড পরিক্ষার ফলাফলের উপর ব্যাপক আলোচনা করা হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক নীল আকাশের জন্য নির্মল বায়ু দিবস পালিত

আজ রবিবার আন্তজাতিক ‘নীল আকাশের জন্য নির্মল বায়ু’ দিবস উপলক্ষে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা, শপথ বাক্য পাঠ ও চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অ্যাকশন এইড বাংলাদেশ ও

জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওর্য়াক বাংলাদেশ (জেটনেট বিডি)-এর সহযোগিতায় সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা এই কর্মসূচির আয়োজন করে।

আজ সকাল ১১টায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সুবাহ্’র সভাপতি জনাব মুন্সি জাহাঙ্গীর জিন্নাত-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য রাখেন, সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব মঈন-উল-আলম, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব হাবিবুর রহমান, সহকারী প্রধান শিক্ষক জনাব হাফিজুর রহমান। বিষয় ভিত্তিক আলোচনা করেন, সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার এডমিন লুবনা ইয়াছমিন, প্রকল্প সমন্বয়কারী ফৌজিয়া সুলতানা।
আলোচনা শেষে ছাত্রীদের শপথ বাক্য পাঠ ও গাছের চারা বিতরণ করা হয়।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অনিবার্ণ থিয়েটার কার্যালয়ে বর্ষা উৎসবের উদ্বোধন করেন, দর্শনা থানার অসি অপারেশন অনুপ দাস ও অনিবার্ণ থিয়েটারের সিনিয়ার সদস্য কবিরুল হক লিপু, আওয়াল হোসেন ও সাজ্জাদ হোসেন।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে শাপলা ফুলের মালা, ছাতা ও কুচুপাতার ব্যবহার করে বষার্র পরিবেশ সৃষ্টি করা হয়। শুরুতেই বর্ষার কবিতা আবৃতি করেন, মুন্সি কবির ও সাজ্জাদ হোসেন অনিবার্ণ থিয়েটারের কার্যক্রম ইতিহাস তুলে বক্তব্য রাখেন। এরপর দর্শনা অনিবার্ণ থিয়েটার সদস্যদের পরিবেশনায় শিশু শিল্পীদের দলীয় সংগীত মুক্ত মালার ছাতি মাথায় বর্ষা এলারে, অভিভাবকদের ওগো তোমার আকাশ দুটি চোখে গানটি পরিবেশন করেন।

এছাড়া একের পর এক কবিতা আবৃতি, নিত্য ও কৌতুক সংগীত পরিবেশন

করেন অনিবার্ণের সদস্যরা। এসময় আরো উপস্থিত ছিলেন, এ এস আই মনি মহন সরকার, স্বপনা, মিলন, সাব্বির আলিম, খাইরুল ইসলাম ও রিদয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেতার শিল্পী মোস্তাক আহম্মেদ মনা ও প্রভাষক মিল্টন কুমার সাহা, মিলন, হাবিবুর রহমান ইদু। অনুষ্ঠান শেষে চড়ুইভাতি আয়োজন করে অনিবার্ণ থিয়েটার।

হরিণাকুণ্ডুতে কাজী নজরুল ইসলামের ৪৯তম মৃত্যুবার্ষিকী পালিত

জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) হরিণাকুন্ডু উপজেলা শাখার উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৯ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে উপজেলার সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

হরিণাকুণ্ডু উপজেলা জাসাসের সভাপতি গমির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ শিক্ষাবিদ মোহাব্বত হোসেন টিপু, সালেহা বেগম কলেজের অধ্যক্ষ মোক্তার আলী, সহকারী অধ্যাপক (অবঃ) আকমল হোসেন নান্নু, হরিণাকুণ্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, হরিণাকুন্ডু পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক, সাধারণ সম্পাদক আনিচুর রহমান, ঝিনাইদহ জেলা জাসাসের আহবায়ক এম এ কবীর, সদস্য সচিব কামরুজ্জামান লিটন, জেলা জাসাসের যুগ্ম আহবায়ক জাহিদ হাসান, মোল্লা রাজা, যুবদলের আহবায়ক আব্দুস সামাদ, রিপন প্রমূখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সালেহা বেগম মহিলা কলেজের সহকারী অধ্যাপক পারভেজ ইমাম আজাদ।

সভায় প্রধান অতিথি বলেন, কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি, তিনি মানবতার কবি। বিগত ফ্যাসিস্ট সরকার এই কবিকে অবজ্ঞা করেছিল। আর জুলাই আন্দোলনে জুলাই যোদ্ধারা জাতীয় কবির বাণীকে বুকে ধারণ করে রাজপথে থেকে সেই ফ্যাসিস্ট সরকারকে দেশ থেকে বিতাড়িত করে। জাতীয় কবি আমাদের অনুপ্রেরণা। তিনি বলেন, জাতীয় কবি আমাদের জীবনে সব সময় প্রাসঙ্গিক। তিনি জাতীয়তাবাদী সামাজিক সংস্থা জাসাসের এই উদ্যোগকে প্রশংসা করেন। তিনি বলেন আগামী জাতীয় সংসদ নির্বাচনে জাসাস অগ্রণী ভূমিকা পালন করবে।

মেহেরপুরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালিত

“মাতৃদুগ্ধকে অগ্রাধিকার দিন, টেকসই সহায়ক ব্যবস্থা গ্রহণ করুন” এই প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ।

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জেলা সিভিল সার্জন অফিসের আয়োজনে দিনটি উপলক্ষে আলোচনা সভা ও র্যালির আয়োজন করা হয়।

আজ সোমবার সকাল ৯টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি হাসপাতাল সড়ক প্রদক্ষিণ শেষে সিভিল সার্জন কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

র্যালিটির নেতৃত্ব দেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ। পরে সিভিল সার্জন মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় সেবিকা ও জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও জমকালো আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে নেতৃবৃন্দ প্রথমে দশমী কবরস্থান দামুড়হুদায় গাছের চারা রোপণ করেন।

পরবর্তীতে উপজেলা বিএনপি’র অস্থায়ী কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যলিটি উপজেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কার্যালয়ে এসে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, জেলা সেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক এম এ তালহা, যুগ্ম- সম্পাদক আরিফুর রহমান রিবন, উপজেলা বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম।

উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা সেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আব্দুল কাদের, যুগ্ম – আহবায়ক রকিবুল হাসান তোতা, যুগ্ম আহ্বায়ক আহ্বায়ক আবুল কালাম আজাদ, যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক মাহবুব আলম, যুগ্ম- আহ্বায়ক জাহিদুর রহমান, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সেচ্ছাসেবকদলের সভাপতি/সাধারণ সম্পাদকসহ নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের পৃথকভাবে ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দর্শনায় পৃথকভাবে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা জাতীয়তাবাদী, দর্শনা থানা ও দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আয়োজনে এক বর্ণাঢ্য র্যালি বের হয়।

দর্শনা থানা স্বেচ্ছাসেবক দল র্যালিটি দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড় থেকে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষিণ শেষে দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চে এসে শেষ হয়। এরপর স্বাগত বক্তব্য রাখেন, দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক নূরে আলম সিদ্দিকি মজনু শাহ, জেলা যুগ্ম সম্পাদক মঞ্জুরল জাহিদ, সদস্য সচিব আবুহেনা রনি

যুগ্ন আহবায়ক রুহুল আমিন, মির অনিক, আবুল কাশেম, জামাত আলী, আশাবুল হক আনারসহ ছয় ইউনিয়ন স্বেচ্ছাদেবক দলের নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে ৬ টি ইউনিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্টিত হয়। অপরদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিটি ছিল প্রাণবন্ত, উৎসাহ-উদ্দীপনামুখর এবং বিপুল সংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে সমৃদ্ধ। অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সংগ্রামী সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মুনজুরুল জাহিদ। প্রধান বক্তা ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সমন্বয়কারী, ত্যাগী জননেতা জনাব নাহারুল ইসলাম মাষ্টার। এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক শরীফ উদ্দিন ও রেজাউল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়কবৃন্দ— এনামুল হক বাবু, মমিন হোসেন, মহিম কুমার রতন, আবু

সাঈদ রতন। অন্যদের মধ্যে ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্যবৃন্দ— আব্দুল আজিজ, হাবিবুর রহমান, মুহিন, মাসুদ, ওয়াসিম, ওমর ফারুক প্রমুখ। এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক তৌফাতুর রিংকু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক জাকির হোসেন, দর্শনা থানা যুবদলের সদস্য রাশেদ আহমেদ সজীব।

অনুষ্ঠানের শুরুতে নেতৃবৃন্দ বৃক্ষরোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। পরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়, যা দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ও স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠার তাৎপর্যের কথা স্মরণ করেন। এসময় বক্তারা বলেন, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল দেশের গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে সবসময় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠাবার্ষিকীকে সামনে রেখে প্রত্যেক কর্মীকে দেশের প্রতিটি দুর্যোগে মানুষের পাশে দাঁড়াতে হবে এবং চলমান গণতান্ত্রিক আন্দোলনকে আরও বেগবান করতে হবে।

অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। একই সঙ্গে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব রাশিদুল ইসলাম।